

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮৭

পর্ব ২১: খাদ্য (ইয়ানু)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - নাক্নী ও নবীয সম্পর্কীয় বর্ণনা

بَابُ النَّقِيعِ وَالْأَنْبِذَةِ

আরবী

وَعَن عائشةَ قَالَتْ: كُنَّا نَنْبِذُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سِقَاءٍ يُوكَأُ أَعْلَاهُ وَلَهُ عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنَّا نَنْبِذُهُ عِشَاءً وَنَنْبِذُهُ عِشَاءً فيشربُه غُدوةً. رَوَاهُ مُسلم

বাংলা

8২৮৭-[২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য চামড়ার মশকে নবীয প্রস্তুত করতাম। তার উপর হতে শক্ত করে বাঁধা হত এবং নিচেও একটি মুখ ছিল। আমরা সকালে যে নবীয বানাতাম, তিনি তা বিকালে পান করতেন এবং বিকালে যে নবীয বানাতাম, তিনি তা সকালে পান করতেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৫-(২০০৫), আবূ দাউদ ৩৭১১, নাসায়ী ৫৭৪০, ইবনু মাজাহ ৩৩৯৮, সহীহ ইবনু হিবান ৫৩৮৫, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৫৪৭২, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৪২০০, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৫২৫১, আল মু'জামুল আওসাত্ব ২৭৪৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৭৮৮৫, আস্ সুনানুস্ সুগরা ৩৬৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কাষী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ পাত্রকে ঢাকা এবং তার মুখকে শক্ত করে বাধাতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ করেছেন, কারণ হলো ক্ষতিকারক কীটপতঙ্গ ও প্রাণী হতে বাঁচা। (﴿عَنْ لَا لَهُ اللَّهُ الللللَّا اللَّهُ الللللَّ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّا الللللَّا اللَّهُ اللَّهُ اللّه



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন